

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
বাঘা, রাজশাহী।

বিষয়: উদ্ভাবনী ধারণা

শিরোনাম	বিবরণ	উদ্ভাবন/ধারণা গ্রহণের যৌক্তিকতা	বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বা কত ব্যয় হতে পারে	বাস্তবায়নের সময়কাল	পাইলটিং করা হয়েছে কিনা?	বাস্তবায়ন যোগ্য কিনা?	সমস্যা বা চ্যালেঞ্জসমূহ ও সমাধান	প্রত্যাশিত ফলাফল	মন্তব্য
পুকুরে মৎস্যচাষ ব্যবস্থাপনায় আবশ্যিকভাবে করণীয় সম্পর্কে জেলা মৎস্য দপ্তরধীন সকল দপ্তরে সাইনবোর্ড স্থাপন।	অনেক মৎস্যচাষীর বিশেষ করে যারা নতুন উদ্যোক্তা তাদের মাছ চাষে পুকুর ব্যবস্থাপনায় আবশ্যিকভাবে করণীয় সম্পর্কে সুস্পষ্ট ধারণা অপ্রতুল রয়েছে। ফলে তারা মাছ চাষ করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন। এমতাবস্থায় তারা কাঙ্ক্ষিত মাত্রায় মাছ উৎপাদন করতে পারছেন না ও আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। যদি সকল দপ্তরে পুকুরে মাছচাষ ব্যবস্থাপনা সম্পর্কিত আবশ্যিকভাবে করণীয় বিষয়গুলো অফিসচত্বরে প্রদর্শনযোগ্য স্থানে সাইনবোর্ড আকারে প্রদর্শন করা হয় তাহলে সেবা প্রত্যাশীরা সহজেই সেখান হতে তথ্য সংগ্রহপূর্বক নিজ নিজ পুকুরে সু-ব্যবস্থাপনার মাধ্যমে মাছচাষ করতে পারবেন। এর ফলে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে ও তারা আর্থিকভাবে লাভবান হবেন।	১।চাষীগণ কম খরচে, কম সময়ে সেবা পাবে ২।পুকুর ব্যবস্থাপনার অবশ্যকরণীয় বিষয়গুলো সুস্পষ্টভাবে জানা থাকলে এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করলে মাছ চাষে তেমন কোন সমস্যা হবে না ও মাছের উৎপাদন বৃদ্ধি পাবে ও তারা লাভবান হবে। ৩। জেলা/উপজেলা মৎস্য দপ্তরসমূহের প্রতি মৎস্যচাষীদের আগ্রহ বৃদ্ধি পাবে ও যোগাযোগ নিবিড় হবে।	প্রতিটি সাইনবোর্ড স্থাপন ব্যয় ৩৫০০ হতে ৪০০০ টাকা	যে কোন সময়	না	হ্যাঁ	অফিস চত্বরে বা করিডোরে প্রদর্শনযোগ্য স্থানে স্থাপন করা হবে, বিধায় কোন সমস্যা বা চ্যালেঞ্জ নাই	সঠিক বা বিজ্ঞানভিত্তিক মাছ চাষ করলে চাষী অপেক্ষাকৃত কম সমস্যার সম্মুখীন হবে ও অধিক লাভবান হবে।	

স্বাক্ষরিত/-

(সাহাদুল ইসলাম)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বাঘা, রাজশাহী।